OK

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৩৭.১৭-৪৪৭

তারিখঃ ১৮ ভাদ্র ১৪২৬
০২ সেপ্টেম্বর ২০১৯

বিষয়ঃ কনটেম্পট পিটিশন নং-১৬৩/২০১৯ (রিট পিটিশন নং-১১৬৯৪/২০১৭ হতে উদ্ভুত) মামলাসহ দায়িত্ব দেয়া অন্যান্য সকল মামলার দায়িত্ব/কাগজপত্র হস্তান্তর পূর্বক টিএমইডিকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্র: (১) টিএমইডি এর স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৩৭.১৭-২৯৩, তারিখ: ৩০/৫/২০১৯ খ্রি.।
(২) ডিএমই এর স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০৪.০৫৪.১৮-১৪৪, তারিখ: ১৩/৬/১৯ খ্রি.।
(৩) মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত কনটেম্পট পিটিশন নং-১৬৩/২০১৯ (রিট পিটিশন নং-১১৬৯৪/২০১৭ হতে উদ্ভুত) মামলার ১২/৩/১৯ তারিখের আদেশ।

উপর্যুক্ত বিষয়ে প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভোলা জেলার সদর উপজেলাধীন বড় চর সামাইয়া দাখিল মাদ্রাসার সুপার, জনাব মো: মিজানুর রহমান বেতন-ভাতার সরকারি অংশ প্রদানের নিমিত্ত বর্ণিত প্রতিষ্ঠানটি এমপিও তালিকাভুক্তকরনের জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদানের দাবীতে মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং-১১৬৯৪/২০১৭ দায়ের করেন।

২। রিট পিটিশন নং-১১৬৯৪/২০১৭ মামলায় মাননীয় আদালত কর্তৃক প্রদত্ত ১১/০৪/২০১৮ তারিখের রায়/আদেশের অংশবিশেষ নিম্নরূপ:

"Accordingly, Respondents are directed to dispose of the application of the petitioner dated 22.02.2010 (Annexure-D) within 30 (thirty) days of receipt of a copy of this judgment and consider to enlist the petitioner's Madrasah, namely, Baro Charsamaya Dakhil Madrasah (EIN: 131479; Madrasah Code: 20250) of Alinagar, Police Station- Bhola Sadar, District- Bhola in the list of MPO, in accordance with law. With the above direction, this Rule is disposed of."

৩। আলোচ্য মামলাটির রায় সরকারের অনুকূলে ঘোষিত বিধায় উক্ত রায়ের বিরুদ্ধে সরকার পক্ষে আপিল করার সুযোগ নেই মর্মে রায়ের আলোকে পিটিশনার এর ২২/২/২০১০ তারিখের আবেদনটি নিষ্পত্তিকরণের জন্য প্রয়োজনীয় তথ্যাদিসহ ২৯/১১/২০১৮ তারিখে এ বিভাগের মাদ্রাসা উইং বরাবর প্রেরণ করা হয়েছিল।

৪। তৎপ্রেক্ষিতে মাদ্রাসা উইং হতে রিট পিটিশন নং-১১৬৯৪/২০১৭ মামলার রায়ের সইমোহর কপি আদালত হতে সংগ্রহ করে আপীলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইন শাখাকে অনুরোধ জানানো হয়।

৫। মাদ্রাসা উইং এর উক্ত পত্রের প্রেক্ষিতে মাননীয় আদালত কর্তৃক পিটিশনারের ২২/০২/২০১০ তারিখে দাখিলকৃত আবেদনটি বিধি মোতাবেক নিষ্পত্তি করার জন্য প্রতিপক্ষগণের (সরকার পক্ষের) প্রতি নির্দেশনা প্রদান করা হয়েছে। তথাপি যেহেতু সচিব মহোদয় "সার্টিফাইড কপি সংগ্রহ করার ব্যবস্থা নিয়ে আপীল দায়ের করতে হবে" মর্মে (মাদ্রাসা শাখার নথিতে) নির্দেশনা প্রদান করেছেন সেহেতু বর্তমান অবস্থায় বর্ণিত রায়ের বিরুদ্ধে আপীল করা আবশ্যক মর্মে ডিজি, ডিএমই বরারব ১৮/১২/১৮ তারিখে ৫২০ নং স্মারকমূলে পত্র প্রেরণ করা হয়।

৬। উক্ত পত্রের প্রেক্ষিতে মাদ্রাসা অধিদপ্তর কর্তৃক রিট মামলার রায়ের বিরুদ্ধে আপিল দায়ের না করে নিম্নরুপভাবে বিষয়টি নিষ্পত্তি করা হয়-

**"কোন শিক্ষা প্রতিষ্ঠান/কোন শিক্ষা প্রতিষ্ঠানের কোন স্তরকে এমপিওভুক্তকরণের বিষয়টি সরকারের নীতি নির্ধারনী সিদ্ধান্তের বিষয়। সরকার আর্থিক সামর্থ্য অনুযায়ী কোন শিক্ষা প্রতিষ্ঠান/কোন শিক্ষা প্রতিষ্ঠানের কোন স্তরকে এমপিওভুক্ত করে থাকে। সরকার কর্তৃক প্রতিষ্ঠান এমপিওভুক্তকরণের প্রক্রিয়া শুরু হলে নির্ধারিত বিধিবিধান অনুযায়ী আলোচ্য প্রতিষ্ঠানটি এমপিওভুক্তকরণের পদক্ষেপ গ্রহণ করা হবে। সরকারের নীতি নির্ধারনী সিদ্ধান্ত ছাড়া মন্ত্রণালয়/অধিদপ্তর পর্যায়ে প্রতিষ্ঠান এমপিওভুক্তকরণের কোন সুযোগ নেই"।**

৭। ফলে রিট পিটিশন নং-১১৬৯৪/২০১৭ মামলার ১১/০৪/২০১৮ তারিখের রায়/আদেশের আলোকে যথাসময়ে প্রতিকার না পাওয়ায় বা আপিল দায়ের না হওয়ায় পিটিশনার কর্তৃক কনটেম্পট পিটিশন নং- ১৬৩/২০১৯ (রিট পিটিশন নং-১১৬৯৪/২০১৭ হতে উদ্ভুত) মামলা দায়ের করা হয়।

৮। উক্ত কনটেম্পট মামলায় পিটিশনারের ২২/০২/২০১০ তারিখের আবেদনটি (Annexure-D) নিষ্পত্তিকরত: পিটিশনারকে অবহিতকরণের বিষয়টি সংশ্লিষ্ট কনটেম্পট আদালতের গোচরে নেয়ার জন্য ডিএমই কর্তৃক প্রেরিত সূত্রোক্ত (২) নং পত্রের ছায়ালিপি উক্ত কনটেম্পট মামলার জবাবের সহায়ক হিসেবে দাখিল করার নিমিত্ত আপনার বরারব প্রেরণ করা হয়।

৯। উল্লেখ্য- ইতোমধ্যে মহোদয় ডিএজি পদে নিয়োগ পেয়ে উক্ত পদে যোগদান করেছেন বিধায় exclusively TMED সংশ্লিষ্ট মামলা পরিচালনা মহোদয়ের পক্ষে সম্ভব হবে না। সে প্রেক্ষিতে সরকার পক্ষে পরিচালনার নিমিত্ত টিএমইডি'র পক্ষ হতে সূত্রোক্ত (১) নং পত্রমূলে মহোদয় কে দেয়া কনটেম্পট পিটিশন নং- ১৬৩/২০১৯ (রিট পিটিশন নং-১১৬৯৪/২০১৭ হতে উদ্ভুত) মামলাসহ দায়িত্ব দেয়া অন্যান্য সকল মামলার দায়িত্ব/কাগজপত্র টিএমইডি'র পক্ষে নিয়োজিত অপর **বিজ্ঞ প্যানেল আইনজীবী শেখ শফিক মাহমুদ পুষ্প, শেখ শফিক মাহমুদ এন্ড এ্যাসোসিয়েটস, চেম্বার নং এ-৪ (৭ম তলা), আজিজ কো-অপারেটিভ কমপ্লেক্স, ২০৪ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, ৮৯ (পুরতন) বিজয়নগর, ঢাকা-১০০০** এর নিকট হস্তান্তরপূর্বক টিএমইডি-কে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

০২/৯/২০

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)

কাজী মাইনুল হাসান
বিজ্ঞ কৌসুলি, কক্ষ নং-AE 209
সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন ভবন, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। ~~প্রোগ্রামার~~ সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েভসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। শেখ শফিক মাহমুদ পুষ্প, শেখ শফিক মাহমুদ এন্ড এ্যাসোসিয়েটস, চেম্বার নং এ-৪ (৭ম তলা), আজিজ কো-অপারেটিভ কমপ্লেক্স, ২০৪ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, ৮৯ (পুরতন) বিজয়নগর, ঢাকা-১০০০
**{কনটেম্পট পিটিশন নং- ১৬৩/২০১৯ (রিট পিটিশন নং-১১৬৯৪/২০১৭ হতে উদ্ভুত) মামলাসহ দায়িত্ব দেয়া অন্যান্য সকল মামলার দায়িত্ব/কাগজপত্র বিজ্ঞ প্যানেল আইনজীবী কাজী মাইনুল হাসান এর নিকট হতে গ্রহণপূর্বক এবং কনটেম্পট পিটিশন নং- ১৬৩/২০১৯ (রিট পিটিশন নং-১১৬৯৪/২০১৭ হতে উদ্ভুত) মামলার হালনাগাদ তথ্যাদি টিএমইডি-কে অবহিত করার অনুরোধসহ}**
৫। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৬। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৭। অফিস কপি/মাস্টার কপি।